গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
প্রধান কার্যালয়
৪১, সেগুনবাগিচা, ঢাকা-১০০০
Email: dg@dnc.gov.bd, website: www.dnc.gov.bd

০৩ আষাঢ়, ১৪২৬

নং- ৫৮.০২.০০০০.০০৬.০৬.০০১.১৯-২৮২৪ তারিখ ঃ----------------

১৭ জুন,২০১৯

সভার নোটিশ

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের বিভাগীয় প্রধানদের সমন্বয়ে জুন ২০১৯ মাসের সমন্বয় সভাটি জরুরী ভিত্তিতে আহবান করা হয়েছে।সভাটি আগামী ২০/০৬/২০১৯ বেলা০২.৩০ঘটিকায় মহাপরিচালক মহোদয়ের সভাপতিত্বে প্রধান কার্যালয়ের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় বিভাগীয় পর্যায়ের সকল অতিরিক্ত পরিচালকগণকে জেলা ও বিভাগ ভিত্তিক তথ্য এবং বিগত ১৫ মে ২০১৯তারিখে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতিসহ নির্ধারিত সময়ে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হ'ল।

১৭/০৬/১৯

(মোহাঃ জিললুর রহমান)
সহকারী পরিচালক (প্রশাসন)
ফোন ঃ ০১৭১৭৪২৮৮১৬

অনুলিপি সদয় অবগতি / প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো :-

০১। পরিচালক (প্রশাসন/অপারেশন্স/নিরোধ শিক্ষা/চিকিৎসা ও পুনর্বাসন), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ঢাকা।
০২। চীফ কনসালটেন্ট, কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, তেজগাঁও, ঢাকা।
০৩। প্রধান রাসায়নিক পরীক্ষক, কেন্দ্রীয় রাসায়নিক পরীক্ষাগার, গেন্ডারিয়া, ঢাকা।
০৪। অতিরিক্ত পরিচালক/অতিরিক্ত পরিচালক (সমন্বয়কারী), গোয়েন্দা/বিভাগীয় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয় ঢাকা/চট্ট্রগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/ময়মনসিংহ/রংপুর।
০৫। সিস্টেম এনালিস্ট, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ঢাকা।(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হ'ল)।
০৬। উপ-পরিচালক (প্রশাসন/নিরোধ শিক্ষা) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
০৭। উপপরিচালক/সহকারী পরিচালক,বিভাগীয় গোয়েন্দা কার্যালয়, ঢাকা/চট্ট্রগ্রাম/রাজশাহী/খুলনা/ বরিশাল/সিলেট/ময়মনসিংহ/রংপুর।
০৮। নির্বাহী ম্যাজিস্ট্রেট, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
০৯। উপ-পরিচালক/সহকারী পরিচালক ( )/সহকারী প্রোগ্রামার, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়/---------------------------মেট্রো উপ-অঞ্চল/জেলা কার্যালয়।
১০। সহকারী পরিচালক, (কমন সার্ভিস) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ঢাকা । সভায় আগত অতিথিগণের আপ্যায়নের ব্যবস্থা করার জন্য অনুরোধ করা হ'ল।
১১। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী। মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।
১২। অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী। অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।
১৩। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
প্রধান কার্যালয়
৪১, সেগুনবাগিচা, ঢাকা-১০০০
Email: dg@dnc.gov.bd , website: www.dnc.gov.bd

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর এর বিভাগীয় কর্মকর্তাদের সাথে ১৫ মে ২০১৯ মাসে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মোঃ জামাল উদ্দীন আহমেদ
মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর।
তারিখ ও সময় : ১৫ মে ২০১৯ বেলা ০২.৩০ ঘটিকা।
সভার স্হান : মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের প্রধান কার্যালয়ের সম্মেলন কক্ষ।
সভায় উপস্হিতি : **পরিশিষ্ট-'ক'**।

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে উপপরিচালক (প্রশাসন) জানান যে, বিগত ২৮ মার্চ ২০১৯ তারিখে অনুষ্ঠিত বিগত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী ইতোমধ্যে সকলের নিকট প্রেরণ করা হয়েছে। উক্ত কার্যবিবরণীর উপর কোনো সংশোধনী বা সংযোজনীর প্রস্তাব না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর বিগত সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি সভায় পর্যালোচনাসহ আলোচ্যসূচি অনুযায়ী বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গ্রহণ করা হয়:

ক্রঃ	আলোচনার বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০১.	প্রধান কার্যালয়ের সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন।	প্রত্যেক সভার কার্যবিবরণীতে বর্ণিত সিদ্ধান্তসমূহের মধ্যে যেগুলো প্রধান কার্যালয় কর্তৃক বাস্তবায়নযোগ্য সেগুলো প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট অধিশাখা/ শাখা কর্তৃক মহাপরিচালক বরাবরে নথিতে পেশ করতে হবে এবং বাস্তবায়ন অগ্রগতি পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। প্রধান কার্যালয় সংশ্লিষ্ট কতটি সিদ্ধান্ত ছিল, তারমধ্যে কতটি নথিতে উপস্থাপিত হয়েছে, কতটি উপস্থাপিত হয়নি, না হলে তার কারণ উল্লেখ করতে হবে।	পরিচালক (সকল) / অতিঃ পরিচালক (গোয়েন্দা) / উপপরিচালক (প্রশাসন/নিরোধ শিক্ষা), সহকারী পরিচালক (সকল), প্রধান কার্যালয়, ঢাকা।
০২.	অধিদপ্তরের কর্মকর্তা-কর্মচারীদের প্রশিক্ষণ।	ক) অধিদপ্তরের প্রত্যেক কর্মীকে জনপ্রতি ৬০ ঘন্টা প্রশিক্ষণ নিশ্চিত করতে হবে৷ প্রশিক্ষণ মডিউল অনুযায়ী বিভাগ ভিত্তিক প্রশিক্ষণ কার্যক্রম অব্যাহত রাখতে হবে। প্রত্যেক প্রশিক্ষণে শুদ্ধাচার, নৈতিকতা ও ইনোভেশন, সরকারের নির্বাচনী ইশতেহার সম্পর্কে অবশ্যই প্রশিক্ষণ মডিউলে অন্তর্ভূক্ত থাকতে হবে।	পরিচালক (চিকিৎসা ও পূনর্বাসন)/ অতিঃ পরিচালক (সকল)/সহকারী পরিচালক (বোর্ড)
		খ) প্রশিক্ষক এবং প্রশিক্ষণার্থীর তালিকা প্রধান কার্যালয়ে সিস্টেম এনালিস্ট কর্তৃক data base আকারে সংরক্ষণ করতে হবে। বিভাগীয় পর্যায়ের প্রশিক্ষণে প্রধান কার্যালয়ের সহকারী পরিচালক তদুর্ধ্ব কর্মকর্তাদেরকে সম্পৃক্ত করা যেতে পারে। ডাটা সংরক্ষণ ওয়েববেজড করতে হবে,	পরিচালক (চিকিৎসা ও পুনর্বাসন)/ সিস্টেম এনালিস্ট/ অতিঃ পরিচালক (সকল)।

		যাতে যে কোন সময় হালনাগাদ তথ্য পাওয়া যায়। হালনাগাদ তথ্য সভায় প্রিন্ট করে দেখাতে হবে।	
		গ) এপিএ শতভাগ বাস্তবায়নের লক্ষ্যে প্রশিক্ষণগুলো Meticulously করতে হবে।	অতিঃপরিচালক (সকল)/ সহকারী পরিচালক বোর্ড)
৩.	অধিদপ্তরের জমি-জমা সংক্রান্ত	(ক) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের দখলীয় জমির ভূমি উন্নয়ন কর/পৌর কর নিয়মিত পরিশোধ ও মিউটেশন সম্পন্ন করতে হবে। কোনরূপ প্রতিবন্ধকতা না থাকা অবস্থায় কারো ভূমি উন্নয়ন কর অপরিশোধিত থাকলে সংশ্লিষ্ট কর্মকর্তা দায়ী থাকবেন। প্রত্যেক বিভাগীয় কর্মকর্তাগণ তাঁর নিয়ন্ত্রণাধীন কার্যালয়সমূহের হালনাগাদ ভূমি উন্নয়ন কর/পৌরকর পরিশোধ সংক্রান্ত তথ্য এবং মিউটেশনকরণসহ যাবতীয় তথ্যের প্রতিবেদন প্রত্যেক মাসে সভা অনুষ্ঠানের পূর্বে প্রধান কার্যালয়ে সফটকপিসহ প্রেরণ করবেন।	পরিচালক (প্রশাসন)/ অতিঃপরিচালক (সকল) / উপপরিচালক/সহঃ পরিচালক, জেলা কার্যালয় (সকল)।
		(খ) চট্টগ্রাম বিভাগের বেদখলকৃত জমির বিষয়ে মিউটেশনের লক্ষ্যে মামলা দায়ের করে মামলা নম্বরসহ প্রধান কার্যালয়কে অবহিত করে মামলার জন্য অর্থ বরাদ্দ চাইতে হবে।	অতিঃ পরিচালক (চট্টগ্রাম)/সহকারী পরিচালক, কক্সবাজার।
		(গ) অধিদপ্তরের দখলীয় যে সকল জায়গায় সীমানা প্রাচীর নির্মাণ করা হয়নি সে সকল জায়গায় ইটের তৈরী সীমানা প্রাচীর নির্মাণ ও স্থাপনা সংস্কার করতে হবে। গণপূর্ত বিভাগের সংশোধিত প্রাক্কলনসহ প্রধান কার্যালয়ে অর্থ বরাদ্দ চাইতে হবে।	অতিঃ পরিচালক / উপপরিচালক/ সহকারী পরিচালক, জেলা কার্যালয় (সকল)/ সহকারী পরিচালক (অর্থ ও হিসাব)।
		(ঘ) কক্সবাজার জেলার জমির সীমানা প্রাচীর নির্মাণের জন্য প্রকল্প পরিচালক প্রাক্কলন প্রস্তুত করেছেন। বাস্তবায়ন করার ব্যবস্থা নিতে হবে।	পরিচালক (প্রশাসন ও অর্থ)/উপপরিচালক (প্রশাসন)
		(ঙ) ঢাকা ওয়্যার হাউজ এর পুরাতন ভবন ভেঙ্গে নতুন ভবন তৈরীর প্রাক্কলন প্রেরণ করার জন্য অতিরিক্ত পরিচালক, ঢাকা এর পত্রের প্রেক্ষিতে পিডব্লিউডি এর চীফ ইঞ্জিনিয়ারকে প্রধান কার্যালয় থেকে ০৭-১০-২০১৮ তারিখে পত্র প্রেরণ করা হয়েছে। অতিরিক্ত পরিচালক, ঢাকা উদ্যোগী হয়ে পিডব্লিউডি অফিসে যোগাযোগ করে প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন।	অতিঃ পরিচালক, ঢাকা
		(চ) ঢাকা ওয়্যার হাউজ এর জন্য জায়গার পরিমাণ নির্ধারণ করতে হবে। প্রধান রাসায়নিক পরীক্ষক এর সাথে পরামর্শক্রমে একটি কর্মপরিকল্পনা তৈরী করা যেতে পারে।	অতিঃ পরিচালক, ঢাকা
		(ছ) যে সমস্ত জায়গায় পূর্বে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের নামে ভূমি রেকর্ড ছিল কিন্তু পরে বাদ পড়েছে সেগুলোর জন্য রেকর্ড সংশোধনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। প্রয়োজনে দেওয়ানী আদালতে মামলা করতে হবে।	অতিঃ পরিচালক (সকল)/ সহকারী পরিচালক (কমন সার্ভিস)।

		(জ) কিশোরগঞ্জ জেলার ভৈরবপুর মৌজার খতিয়ান নং এস এ ০৫, এস এ দাগ নং ৯০১৮ ও ৯০১৯ এর জমির বিষয়ে অত্র অধিদপ্তর থেকে ১০/১২/২০১৭ তারিখে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে পত্র দেওয়া হয়েছিল এবং স্বরাষ্ট্র মন্ত্রণালয় গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় কে এ বিষয়ে সহযোগীতার জন্য পত্র দিয়েছে। গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, নির্বাহী প্রকৌশলী, কিশোরগঞ্জ গণপূর্ত বিভাগ কে সরজমিন তদন্ত করে প্রতিবেদন প্রেরণ করার জন্য অনুরোধ করেছেন। সহকারী পরিচালক, কিশোরগঞ্জ এ বিষয়টি দ্রুততার সাথে নিস্পন্নের জন্য প্রয়োজনীয় যোগাযোগ করবেন এবং প্রধান কার্যালয়ে অগ্রগতির পাক্ষিক প্রতিবেদন প্রেরণ করবেন।	অতিঃ পরিচালক, ঢাকা/ সহকারী পরিচালক, কিশোরগঞ্জ।
		(ঝ) লালমনিরহাট জেলা শহরস্থ সাপটানা মৌজায় জে এল নং ২৪, খতিয়ান নং ৪, দাগ নং ৩১০৪ এর বিষয়ে বিজ্ঞ দেওয়ানি আদালতের রায় নিয়ে জেলা প্রশাসকের সাথে আলোচনা ক্রমে অবৈধ দখলকারীকে উচ্ছেদ করে জমি দখলে আনতে হবে। সহকারী পরিচালক, লালমনিরহাট বিষয়টি তদারকি করবেন এবং প্রধান কার্যালয়ে অগ্রগতির পাক্ষিক প্রতিবেদন প্রেরণ করবেন।	অতিঃ পরিচালক (সমন্বয়কারী),রংপুর/ সহকারী পরিচালক, লালমনিরহাট।
		(ঞ) খুলনা মহানগরীর টুটপাড়া মৌজার ১৪০ নং খানজাহান আলী রোডে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের নামে সি.এস, এস.এ ও আর.এস রেকর্ডভুক্ত ১.৬৫ একর জমি রয়েছে। তন্মধ্যে কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের দখলে ০.৪৫৪২ একর জমির বিষয়ে অত্র অধিদপ্তরের ১০/১২/২০১৭ তারিখের পত্রে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর-কে অনুরোধ করা হয়েছে যে, জমির দখল জরুরী ভিত্তিতে ছেড়ে দেওয়া অথবা যদি দখল ছেড়ে দেয়া সম্ভব না হয় তবে এ জমির পরিবর্তে অন্যত্র মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর-কে সমমূল্যের সমপরিমান জমি হস্তান্তর করার জন্য অত্র অধিদপ্তরের ০৪/০৪/২০১৮ তারিখের ১৮৪৩ সংখ্যক পত্রে আন্তঃমন্ত্রণালয় সভার মাধ্যমে জমির বিষয়টি সুরাহা করার জন্য সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়কে অনুরোধ করা হয়েছে। এ বিষয়ে মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ করে দ্রুত বিষয়টি নিস্পত্তির উদ্যোগ নিতে হবে।	পরিচালক (প্রশাসন)/ অতিঃ পরিচালক, খুলনা।
		(ট) চট্টগ্রামের সীতাকুন্ডের জমির উপর শিক্ষা প্রতিষ্ঠান গড়ে উঠেছে বিধায় সমপরিমাণ জমি বুক ট্রান্সফার এর মাধ্যমে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরকে বুঝিয়ে দেয়ার জন্য প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে।	পরিচালক (প্রশাসন)/অতিরিক্ত পরিচালক,চট্টগ্রাম।
		(ঠ) অধিদপ্তরের যেখানে যেখানে জায়গা/পতিত জমি আছে সেগুলো নিয়ে প্রকল্প প্রণয়ন করতে হবে।	অতিরিক্ত পরিচালক(সকল)
		(ড) স্বরাষ্ট্র মন্ত্রণালয়/কৃষি মন্ত্রণালয়ে যোগাযোগ করে খুলনার জমির বিষয়ে ইতোপূর্বে কৃষি মন্ত্রণালয়ে প্রেরিত	পরিচালক (প্রশাসন)

		পত্রের অগ্রগতির খোঁজ নিয়ে হালনাগাদ তথ্য পরবর্তী সভায় উপস্থাপন করবেন। জমির বিষয়ে আন্ত : মন্ত্রণালয় সভায় প্রেরিত প্রস্তাবসমূহের হালনাগাদ তথ্য পরবর্তী সভায় উপস্থাপন করবেন। যে কয়টি জমির বিষয়ে আন্তঃ মন্ত্রণালয় সভার প্রস্তাব করে পত্র প্রেরণ করা হয়েছে সে কয়টির অগ্রগতি সিদ্ধান্ত বাস্তবায়ন অংশে উল্লেখ করতে হবে। পরিচালক (প্রশাসন) সরেজমিনে সচিব, কৃষি মন্ত্রণালয় মহোদয়ের সাথে দেখা করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। ইতোমধ্যে আন্ত : মন্ত্রণালয় সভায় প্রেরিত প্রস্তাবসমূহের তালিকা নিম্নরূপ : ১। কিশোরগঞ্জের ভৈরবপুর মৌজার জমি; ২। খুলনা শহরস্থ টুটপাড়ার জমি; ৩। লালমনিরহাট জেলার সাপটান মৌজার জমি।	
		(চ) নওগাঁর জমিতে পিপিপি ভিত্তিতে ২০০ শয্যার নিরাময় কেন্দ্র স্থাপনের প্রস্তাব প্রেরণ করার সিদ্ধান্ত ইতোপূর্বে গৃহীত হয়েছিল কিন্তু দীর্ঘদিন যাবত চেষ্টার পরও পিপিপি'র জন্য কোন বেসরকারি উদ্যোক্তা পাওয়া যাচ্ছে না। বর্তমান সরকারের নির্বাচনী ইশতেহার এর আলোকে পিপিপি/সরকারি প্রকল্প গ্রহণ করতে হবে।	পরিচালক (চিকিৎসা ও পুনর্বাসন)/অতিঃ পরিচালক, রাজশাহী/সহকারী পরিচালক, জেলা কার্যালয় নওগাঁ।
		(ণ) ফরিদপুরের জমি দখলীয় সূত্রে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের নামে রেকর্ড করতে হবে।	অতিরিক্ত পরিচালক, ঢাকা/সহকারী পরিচালক (কমন সার্ভিস)
০৪.	মাদক মামলা সংক্রান্ত।	(ক) নিয়মিত মামলা দায়েরের প্রমাপ অর্জন হচ্ছে ন্যূনতম পারফরম্যান্স। এটি নিশ্চিত করতে হবে। প্রমাপ অর্জিত না হলে যুক্তিসংগত কারণ উল্লেখ করতে হবে। মোবাইল কোর্টে ইয়াবার মামলার উপর বেশী গুরুত্ব দিতে হবে।	পরিচালক (অপাঃ)/ অতিঃ পরিচালক(সকল)/উপপরিচালক/ সহঃ পরিচালক, জেলা কার্যালয় (সকল)।
		(খ) বিচারাধীন মামলা নিষ্পত্তির রেকর্ড হালনাগাদ করতে হবে। কতটি মামলায় আসামীকে রিমান্ডে নেয়ার আবেদন করা হয়েছে, কতটি মামলার আসামীর রিমান্ড মঞ্জুর হয়েছে, কতজন আসামী দোষ-স্বীকারোক্তিমূলক জবানবন্দী প্রদান করেছে তা ছকে সন্নিবেশিত করতে হবে। এ লক্ষ্যে একটি ছক দ্রুত উপস্থাপন করতে হবে।	পরিচালক (অপাঃ)/ অতিঃ পরিচালক (সকল)।
		(গ) যে সকল মামলায় আসামী খালাস পেয়ে যায় সে সকল মামলাসমূহের মেরিট থাকলে রায়ের বিপক্ষে উচ্চ আদালতে আপীল করতে হবে। অধিদপ্তরের সাক্ষীর গরমিলের কারণে আসামী খালাস পেলে ঐ সাক্ষীর বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে প্রধান কার্যালয়ে অভিযোগপত্র পাঠাতে হবে। অতিরিক্ত পরিচালকগণ জেলাভিত্তিক ১০টি মামলা পর্যালোচনা করে হারার কারণ	পরিচালক (অপাঃ)/ অতিঃ পরিচালক (সকল)।

		নির্ধারণপূর্বক আগামী মাসের মধ্যে প্রধান কার্যালয়ে প্রতিবেদন পাঠাবেন।	
		(ঘ) অতিরিক্ত পরিচালকগণ নিজ নেতৃত্বে ২/৩ জেলার জনবল নিয়ে প্রতি ১৫ দিনে কমপক্ষে ৩টি জেলা/স্থানে *বিশেষ* অভিযান চালাতে হবে। পাক্ষিক প্রতিবেদনে এসব অভিযানের তথ্য উল্লেখ করতে হবে। সভার কার্যবিবরণীর সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি প্রেরণের সময় বিস্তারিত উল্লেখ করতে হবে। এরূপ অভিযানকালে ভিডিও কলের মাধ্যমে মহাপরিচালক মহোদয়কে সংযুক্ত করতে হবে।	পরিচালক (অপাঃ)/অতিরিক্ত পরিচালক (সকল)/সহকারী পরিচালক (বোর্ড)
		(ঙ) প্রত্যেক বিভাগে মাসে কমপক্ষে একবার সকল বাহিনীর সমন্বয়ে বিশেষ অভিযান পরিচালনা করতে হবে।	পরিচালক (অপাঃ)/অতিরিক্ত পরিচালক (সকল)
		(চ) দ্রুত মাদক ব্যবসায়ীদের কমন তালিকা প্রস্তুত করে বিদ্যমান তালিকা হালনাগাদ করতে হবে।	পরিচালক (অপাঃ)/ অতিঃ পরিচালক (সকল)।
		(ছ) ঢাকা বিভাগের ৫টি; চট্টগ্রাম বিভাগের ৩টি এবং অন্যান্য সকল বিভাগ হতে ২টি করে অতি গুরুত্বপূর্ণ মামলা নির্ধারণ করে মহাপরিচালক মহোদয় নিজেই মনিটর করবেন। পরিচালক (অপারেশন্স) এবং সহকারী পরিচালক (বোর্ড) সার্বিক সহযোগিতা করবেন।	পরিচালক (অপারেশন্স) / সহকারী পরিচালক (বোর্ড)
		(জ) মাদক হিসেবে নতুনভাবে ব্যবহার শুরু হওয়া এবং মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন ২০১৮ অনুযায়ী এ অধিদপ্তরের লাইসেন্সের আওতাভুক্ত হওয়া ঔষধ ইনজেকশন নেলবান এর বিষয়ে গণসচেতনতা সৃষ্টি ও ঔষধটির ক্রয়-বিক্রয় নিয়ন্ত্রণ/লাইসেন্সের আওতায় আনার লক্ষ্যে ঔষধের দোকানগুলোতে মোবাইল কোর্ট অভিযান চালাতে হবে।	নির্বাহী ম্যাজিস্ট্রেট।
		(ঝ) মামলার আলামতের পরিমানের ভিত্তিতে উর্দ্ধতন কর্তৃপক্ষের অনুমোদনের মাধ্যমে চার্জশীট দাখিলের আদেশ জারী করতে হবে।	সহকারী পরিচালক (অপারেশন্স)
		(ঞ) কোন্ কোন্ জেলায় মোবাইল কোর্ট করা যাচ্ছে না বা নির্বাহী ম্যাজিস্ট্রেট পাওয়ার যাচ্ছেনা তার তালিকা তৈরি করে মহাপরিচালক মহোদয়কে দিতে হবে। মহাপরিচালক মহোদয় মন্ত্রিপরিষদ সচিবের সাথে কথা বলে বিষয়টি নিস্পত্তি করবেন।	অতিরিক্ত পরিচালক (সকল)/সহকারী পরিচালক (অপাঃ)/ সহকারী পরিচালক (বোর্ড)/
		(ট) বর্তমান সরকারের নির্বাচনী ইশতেহারের সাথে সংশ্লিষ্ট বিষয়সমূহ যথাসময়ে বাস্তবায়ন করে প্রধান কার্যালয়ে প্রতিবেদন প্রেরণ করতে হবে।	পরিচালক (সকল)/অতিঃ পরিচালক (সকল)
০৫.	গণসচেতনতামূলক কার্যক্রম।	ক) দেশব্যাপী মাদকের ক্ষতিকর ও ভয়াবহ পরিণতি সম্পর্কে জনসাধারণের মধ্যে সর্বাধিক সচেতনতা সৃষ্টির লক্ষ্যে বিভিন্ন কর্মসূচি গ্রহণ ও তা বাস্তবায়নে সক্রিয় ভূমিকা রাখতে হবে। বিবেচ্য সময়ের তথ্য উল্লেখযোগ্য ছবি	পরিচালক (নিরোধ শিক্ষা/ অতিঃ পরিচালক(সকল) / উপপরিচালক/ সহকারী

		ক্যাপসনসহ জারীকৃত নির্দেশনা মতে বিভাগীয় কার্যালয় হতে সমন্বিত আকারে প্রতিবেদনসহ জেলার তথ্য প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে। যেসব বিভাগীয় কার্যালয় হতে সঠিকভাবে সমন্বিত তথ্য প্রতিবেদন আকারে প্রেরণ করা হয়না/ব্যর্থ সেসব বিভাগীয়/জেলা কর্মকর্তাগণকে বিদেশ সফরে মনোনয়ন দেয়া হবে না।	পরিচালক, জেলা কার্যালয় (সকল)।
		খ) গণসচেতনতামূলক কার্যক্রমের কোয়ালিটি নিশ্চিত করতে হবে। বড় বড় প্রোগ্রাম করতে হবে। বড় প্রোগ্রামে অংশগ্রহণকারী সিনিয়র অফিসারদের বক্তব্যের সারসংক্ষেপ এবং ক্যাপসনসহ প্রোগ্রামের ছবির প্রিন্টকপি ও সফটকপি প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে। যেসব শিক্ষা প্রতিষ্ঠানে প্রোগ্রাম করা হয় সে সব শিক্ষা প্রতিষ্ঠানের ঠিকানা এবং প্রধানগণের ফোন/মোবাইল নম্বর প্রতিবেদনে উল্লেখ করতে হবে।	পরিচালক (নিরোধ শিক্ষা/ অতিঃ পরিচালক(সকল) / উপপরিচালক/ সহকারী পরিচালক, জেলা কার্যালয় (সকল)।
		গ) বিভিন্ন মাদকবিরোধী সভা/সেমিনারে যুব উন্নয়ন অধিদপ্তরের জেলা পর্যায়ের কর্মকর্তার সাথে যোগাযোগ করে মাদকবিরোধী সভা/সেমিনারে যুব উন্নয়ন অধিদপ্তরের অংশ গ্রহণের ব্যবস্থা গ্রহণ নিশ্চিত করতে হবে। অনুষ্ঠানের ছবি মন্ত্রণালয় ও অধিদপ্তরের ওয়েবসাইটে আপলোড করতে হবে ।	পরিচালক (নিরোধ শিক্ষা/ অতিঃ পরিচালক(সকল)/ উপপরিচালক/সহঃপরিচালক, জেলা কার্যালয় (সকল)।
		ঘ) APAএর বিষয়সমূহ শতভাগ বাস্তবায়ন করার লক্ষ্যে কাজ করতে হবে। বিভাগ ভিত্তিক আলাদা আলাদা পরিকল্পনা করে এপিএ চুক্তির অসম্পূর্ণ কাজ শেষ করতে হবে।	অতিঃ পরিচালক(সকল)/ উপপরিচালক/ সহঃ পরিচালক, জেলা কার্যালয় (সকল)
		(ঙ) জেলা ভিত্তিক গণসচেতনতার তথ্য ফেসবুক এবং অধিদপ্তরের ওয়েবসাইটে আপলোড করতে হবে। অতিরিক্ত পরিচালকগণ বিষয়টি মাঠ পর্যায়ে নির্দেশনা দিবেন এবং নিশ্চিত করবেন। জেলা পর্যায় থেকে ছবি প্রাপ্তির বিষয়ে প্রধান কার্যালয়ে সস্টেম এনালিস্ট এবং সহকারী পরিচালক (বোর্ড) মহাপরিচালক মহোদয়কে অবহিত করবেন/মাসিক সভায় উপস্থাপন করবেন।	সিস্টেম এনালিস্ট/ অতিঃ পরিচালক(সকল)/ সহঃ পরিচালক (বোর্ড), জেলা কার্যালয় (সকল)
		(চ) প্রত্যেক উপজেলার কমপক্ষে ১টি করে ছবি সম্বলিত ৬৪ জেলার জন্য বাৎসরিক ৪টি হিসাবে এ্যালবাম তৈরী করে প্রধান কার্যালয়ে সংরক্ষণ করতে হবে। এলবামে সংরক্ষিত ছবি প্রিন্ট করে আগামী মাসিক সমন্বয় সভার পূর্বে জেলা/উপজেলায় প্রেরণ করতে হবে।	পরিচালক (নিরোধ শিক্ষা)

		(ছ) KIOSK উদ্ধোধনের বিষয়ে আগামী সপ্তাহে মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রীর নিকট হতে সময় নিতে হবে এবং প্রয়োজনীয় প্রস্তুতি সম্পন্ন করতে হবে।	পরিচালক (নিরোধ শিক্ষা) অতিঃ পরিচালক (সকল)
০৬.	চিকিৎসা ও পুনর্বাসন সংক্রান্ত।	(ক) আঞ্চলিক নিরাময় কেন্দ্রসমূহ/ বিভাগীয় কার্যালয়সমূহ/ বিভাগীয় গোয়েন্দা কার্যালয়সমূহ এবং জেলা পর্যায়ে অধিদপ্তরের সকল কার্যালয়ে ওয়েব বেজড্ সিসিটিভি ক্যামেরা (IP ক্যামেরা) স্থাপন করতে হবে। অধিদপ্তরের সংশোধিত বাজেটে টাকার সংস্থান রাখা হয়েছে। বিভাগীয় কার্যালয় থেকে অর্থ বরাদ্দের চাহিদা পাঠাতে হবে।	অতিঃ পরিচালক(সকল)/সহকারী পরিচালক (অর্থ ও হিসাব)
		(খ) ডিডি লাইসেন্স নবায়নের আবেদন প্রাপ্তির পর দেখতে হবে তার লাইসেন্সের অনুকূলে বার্ষিক মঞ্জুরী কত ছিল আর উত্তোলন করেছেন কত। যদি মঞ্জুরী আর উত্তোলনের মধ্যে ব্যাপক ব্যবধান থাকে উত্তোলনের পরিমাণ অত্যধিক কম থাকে তাহলে নবায়নের সময় পরবর্তী বছরের মঞ্জুরী কমিয়ে দিতে হবে।	পরিচালক (চিপু)/অতিরিক্ত পরিচালক (সকল)
০৭.	মাদকাসক্তি নিরাময় ও পুনর্বাসন কেন্দ্র পরিদর্শন।	(ক) মাদকাসক্তি চিকিৎসা ও নিরাময় কেন্দ্র পরিদর্শনের জন্য জারীকৃত অফিস আদেশ মোতাবেক পরিদর্শন অব্যাহত রাখতে হবে এবং পরিদর্শন প্রতিবেদন প্রধান কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে।	পরিচালক (চিকিৎসা ও পুনর্বাসন)/অতিঃ পরিচালক(সকল)/ উপপরিচালক/সহকারী পরিচালক, জেলা কার্যালয় (সকল)।
		(খ) মাদকাসক্তি চিকিৎসা ও নিরাময় কেন্দ্র পরিদর্শন প্রতিবেদনের সুপারিশসমূহ যথাসময়ে নথিতে উপস্থাপন ও সিদ্ধান্ত বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। বিবেচ্য সময়ের তথ্য আলোচনায় আসতে হবে। বাস্তবায়ন অগ্রগতি পরবর্তী সকল সভায় উপস্থাপন করতে হবে।	পরিচালক (চিকিৎসা ও পুনর্বাসন)/অতিঃ পরিচালক(সকল)।
		(গ) মাদকাসক্তি চিকিৎসা ও নিরাময় কেন্দ্র হতে চিকিৎসা প্রাপ্ত রোগীদের প্রশিক্ষণের জন্য যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ে তালিকা প্রেরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। মাঠ পর্যায় থেকে যারা তালিকা পাঠাননি তারা অতি দ্রুত তালিকা প্রেরণ করবেন। যুব ও ক্রীড়া মন্ত্রণালয়কে নিয়ে ১টি ওয়ার্কশপ আয়োজন করতে হবে।	পরিচালক (চিকিৎসা ও পুনর্বাসন)/ অতিঃ পরিচালক(সকল)।
		(ঘ) বিভাগীয় পর্যায়ে মাদকাসক্তি নিরাময় কেন্দ্রসমূহে রোগীদের চিকিৎসা সেবা নিশ্চিত করতে হবে। চট্রগ্রামে কমপক্ষে ২৫ জন রোগী ভর্তি রাখতে হবে। সরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্রে বিনামূল্যে চিকিসা প্রদান করার কথা মূল সাইনবোর্ডে সংযুক্ত করতে হবে।	অতিঃ পরিচালক (সকল)
		(ঙ) প্রত্যেক কারাগারে মাদকাসক্ত আসামীদেরকে পৃথক ওয়ার্ড এ রাখার জন্য এবং ঐ ওয়ার্ডটিকেই মাদকাসক্তি নিরাময় কেন্দ্র হিসেবে ঘোষণা দেয়ার উদ্যোগ নিতে হবে। নিজ নিজ বিভাগের কারা কর্তৃপক্ষের সাথে সংশ্লিষ্ট অতিরিক্ত	পরিচালক (চিকিৎসা ও পুনর্বাসন)/ অতিঃ পরিচালক(সকল)।

		পরিচালকগণ যোগাযোগ করবেন। যেসব বিভাগে সিদ্ধান্তটি বাস্তবায়ন করা যাচ্ছেনা সেসব বিভাগীয় কর্মকর্তাগণ লিখিতভাবে প্রধান কার্যালয়ে জানাবেন। প্রধান কার্যালয় থেকে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের মাধ্যমে কারা অধিদপ্তরে পত্র প্রেরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। এ লক্ষ্যে প্রয়োজনীয় প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। নাটোর এবং রংপুরে সিদ্ধান্তটি বাস্তবায়িত হওয়ায় সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে ধন্যবাদ জ্ঞাপন করা হলো। অন্যান্য বিভাগ/জেলা কর্মকর্তাগণকে নাটোর এবং রংপুরের বাস্তবায়ন অনুসরণ করার জন্য অনুরোধ করা হলো।	
		(চ) অধিদপ্তরের আওতাধীন সরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্রসমূহের সেবার মান উন্নয়নসহ প্রশাসনিক কারণে এসব কেন্দ্রের চিকিৎসক ও নার্সদের এসিআর লেখার দায়িত্ব পুনঃ বন্টন করা প্রয়োজন। এছাড়া সরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্রসমূহের নিয়ন্ত্রণকারী কর্মকর্তা হিসেবে অতিরিক্ত পরিচালক, বিভাগীয় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয়কে ক্ষমতা প্রদান করতে হবে। এ বিষয়ে প্রয়োজনীয় অফিস আদেশ জারী করতে হবে।	পরিচালক (প্রশাসন ও অর্থ)/উপপরিচালক (প্রশাসন)
০৮.	বিভাগীয় কর্মকর্তাদের অফিস পরিদর্শন	ক) প্রত্যেক বিভাগীয় কর্মকর্তা বাধ্যতামূলকভাবে মাসে ০২টি অফিস পূর্ণাঙ্গ পরিদর্শন করবেন এবং পরিদর্শন প্রতিবেদন প্রধান কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করবেন। প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট ডেস্ক অফিসার প্রাপ্ত পরিদর্শন প্রতিবেদনের মতামতের উপর সিদ্ধান্ত গ্রহণের লক্ষ্যে নথিতে উপস্হাপন করবেন। গৃহীত সিদ্ধান্ত প্রতিবেদন প্রেরণকারী কর্মকর্তাকে অবহিত করতে হবে।	অতিঃ পরিচালক(সকল)/ সহঃ পরিচালক (কমন সার্ভিস)।
		খ) মাঠ পর্যায়ের প্রত্যেক অফিস প্রধানকে তাঁর নিজ কার্যালয় এবং তাঁর অধীনস্থ প্রত্যেকটি জেলা অফিস প্রতি ৩ (তিন) মাসে ১ (এক) বার পরিদর্শন করতে হবে এবং পরিদর্শন প্রতিবেদন প্রধান কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে। APA অনুযায়ী পরিদর্শন অব্যাহত রাখতে হবে।	অতিঃ পরিচালক(সকল)/ উপপরিচালক/সহকারী পরিচালক (সকল)।
		(গ) জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয়, ঢাকার সার্কেল অফিস স্থানান্তরের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	অতিরিক্ত পরিচালক, ঢাকা।
০৯.	বিবিধ	ক) সার্বিক দক্ষতা ভিত্তিক প্রতিবেদন মাস ভিত্তিক তৈরী করবে অপারেশন শাখা।প্রতিমাসের কার্যক্রম মূল্যায়নের ভিত্তিতে অতি উত্তম উপপরিচালক, সহকারী পরিচালক, পরিদর্শক, এসআই, এএসআই, সিপাইদের নাম, ছবিসহ সাহসিকতার বিবরণ মাসিক বুলেটিনে প্রকাশ করতে হবে। প্রতিমাসের সভার শুরুতে পরিচালক (অপারেশন্স) ঘোষণা দিয়ে তথ্য সভাকে অবহিত করবেন।	পরিচালক (অপাঃ)/ অতিঃ পরিচালক(সকল)।

		খ) মাঠ পর্যায়ের তথ্য ওয়েবসাইটে মাঠ পর্যায়ের কর্মকর্তাগণ যাতে নিজেরাই এন্ট্রি দিতে পারেন সেভাবে সফটওয়্যার সংশোধন করতে হবে। কোন কোন জেলা মাঠ পর্যায়ের তথ্য আপলোড করেছে সে সংক্রান্ত তথ্য আগামী সভায় সিস্টেম এনালিস্ট উপস্থাপন করবেন আপলোডের ভিত্তিতে প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থান অর্জনকারী জেলাসমূহকে পুরস্কৃত করা হবে।	সিস্টেম এনালিস্ট/ অতিঃপরিচালক (সকল) / উপপরিচালক/সহঃ পরিচালক, জেলা কার্যালয় (সকল)।
		(গ) ফেসবুক পেইজ এর পোস্টসমূহ আপলোড করার ক্ষেত্রে ইনবক্স করে নীতিমালা অনুসরণ পূর্বক কার্যক্রম সম্পন্ন করতে হবে। প্রতিটি বিভাগের জন্য একজনকে ফোকাল পয়েন্ট নির্বাচন করতে হবে।	সহঃ পরিচালক (প্রশাসন)
		ঘ) অধিদপ্তরের যেসব পত্রের কপি সিস্টেম এনালিস্টকে দেয়া হবে সেসব পত্র অধিদপ্তরের ওয়েবসাইটে আপলোড করতে হবে।	সিস্টেম এনালিস্ট
		(ঙ) সরকারি ডোমেইনভুক্ত ইমেইল ব্যবহার শতভাগ নিশ্চিত করতে হবে। ডোমেইনভুক্ত ইমেইল ব্যবহারে কোন সমস্যা আছে কিনা সে বিষয়ে আগামী ৩ কার্যদিবসের মধ্যে মহাপরিচালক মহোদয়কে প্রতিবেদন দিতে হবে।	সিস্টেম এনালিস্ট
		(চ) সহকারী পরিচালক, জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয়, বান্দরবান এর বিরুদ্ধে ব্যবস্থা গ্রহনের জন্য অতিরিক্ত পরিচালক, বিভাগীয় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয়, চট্টগ্রাম প্রস্তাব দিবেন।	অতিরিক্ত পরিচালক,চট্টগ্রাম।

অত:পর আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-

(মোঃ জামাল উদ্দীন আহমেদ)
মহাপরিচালক

নং ৪৪.০৪.০০০০.০০৬.০৬.০০১.১৯-২৮২২ তারিখ:- ১৭/০৮/২০২২

অনুলিপি সদয় অবগতি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

০১। সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা **(দৃষ্টি আকর্ষণঃ অতিরিক্ত সচিব, মাদক অনুবিভাগ)**

০২। পরিচালক (প্রশাসন/অপারেশন্স/নিরোধ শিক্ষা/চিকিৎসা ও পুনর্বাসন), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ঢাকা।

০৩। চীফ কনসালটেন্ট, কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, তেজগাঁও, ঢাকা।

০৪। প্রধান রাসায়নিক পরীক্ষক, কেন্দ্রীয় রাসায়নিক পরীক্ষাগার, গেন্ডারিয়া, ঢাকা।

০৫। প্রকল্প পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।

০৬। সিস্টেম এনালিস্ট, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।

০৭। অতিঃপরিচালক/অতিঃপরিচালক(সমন্বয়কারী), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ঢাকা/চট্রগ্রাম/রাজশাহী/খুলনা /বরিশাল/ সিলেট/ময়মনসিংহ/রংপুর, গোয়েন্দা শাখা, ঢাকা।

০৮। উপ-পরিচালক (প্রশাসন /নিরোধ শিক্ষা), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।

০৯। উপ-পরিচালক/সহকারী পরিচালক ( ), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, / বিভাগীয় গোয়েন্দা কার্যালয়/ মেট্রো উপ-অঞ্চল/ জেলা কার্যালয়...।

১০। নির্বাহী ম্যাজিস্ট্রেট, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।

১১। সহকারী পরিচালক (প্রশাসন/ অপারেশনস্/ বোর্ড/ অর্থ ও হিসাব/ কমন সার্ভিস/ নিরোধ শিক্ষা/ গবেষণা ও প্রকাশনা/ চিকিৎসা ও পুনর্বাসন/ গোয়েন্দাশাখা) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।

১২। সিনিয়র কনসালটেন্ট/মেডিকেল অফিসার, মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, চট্টগ্রাম/রাজশাহী/খুলনা।

১৩। মহাপরিচালক মহোদয়ের এর ব্যক্তিগত সহকারী । মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।

১৪। অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের এর ব্যক্তিগত সহকারী । অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।

১৫। অফিস কপি/গার্ড ফাইল।

১৭/০৮/২২

(মোহাঃ জিললুর রহমান)
সহকারী পরিচালক (প্রশাসন)
মোবাইল : ০১৭১৭৪২৮৮১৬